

## সখীপুরের স্কুলে বিনামূল্যের বই কিনতে হচ্ছে শিক্ষার্থীদের!

■ সখীপুর (টাঙ্গাইল) সর্বোদদাতা

কথা ছিল খালি হাতে স্কুলে যাতে শিক্ষার্থীরা, বিনামূল্যে বিতরণকৃত নতুন বই নিয়ে বাড়ি ফিরবে তারা। কিন্তু বিনামূল্যের বই টাকা ছাড়ানো দেয়ায় নতুন বইয়ের অনাবিল আনন্দ থেকে বঞ্চিত হয়েছে অনেক শিক্ষার্থী। টাকা ছাড়া বই না দেয়ার ঘটনাটি ঘটেছে টাঙ্গাইলের সখীপুর উপজেলার কচুয়া পাবলিক উচ্চ বিদ্যালয়ে। সরেজমিনে ওই স্কুলে গিয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে কথা বলে জানা যায়, গত বৃহস্পতিবার সারাদেশের মত ওই স্কুলেও বিভিন্ন শ্রেণিতে বই বিতরণ শুরু হয়। এতে উপস্থিত সকল শিক্ষার্থীকে জানানো হয় ৬ষ্ঠ শ্রেণিতে ৬শ' ও অন্যান্য শ্রেণিতে ৫শ' করে টাকা দিয়ে নতুন বই নিতে হবে। এ কথা শুনে শিক্ষার্থীরা বাড়িতে গিয়ে অভিভাবকদের জানায় বই আনতে টাকা লাগবে, কেউ কেউ অভিভাবকদের ফুসে নিয়ে আসে। ফুসে অভিভাবকরা জানান, সরকার বিনামূল্যে বই

দিয়েছে, সেই বই টাকা দিয়ে কিনতে হচ্ছে। যারা সক্ষম তারা টাকা দিয়ে বই নিলেও অসংখ্য শিক্ষার্থীকে বই ছাড়া খালি হাতে ফিরে যেতে দেখা গেছে। অনেক শিক্ষার্থীকে কান্না-কান্না করতেও দেখা গেছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক তোলা মিয়া এ ব্যাপারে কোন মন্তব্য করতে রাজি হননি। উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সাবেক সভাপতি ও উপজেলার যোনার চালা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এসএম কাবরুল হাশান বলেন, টাকা নেয়ার কোন বিধান নেই।

তার স্কুলেরও শিক্ষার্থীদের বই বিতরণে কোন টাকা নেয়া হয়নি। উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. রফিকুল ইসলাম বলেন, বিনামূল্যের বই টাকা নেয়ার বিধান নেই। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আবু নাসের বেগ বলেন, কোন শিক্ষার্থী যদি বই না পেয়ে থাকে সে অবশ্যই টাকা ছাড়াই বিনামূল্যে বই পাবে।